হযরত আবুবকর (রাঃ) সেনাপতিদের সম্পর্কে একটি ফরমান জারী করেন । এ ফরমান নামা ১১টি কপি করে ১১ জন সেনাপতির কাছে হস্তান্তর করেন । ফরমান নামায় লেখা ছিল হে মুসলিম সেনাপতিরা! (১) প্রতিপক্ষকে প্রথমে ইসলামের দাওয়াত প্রদান করবে, যদি তারা কবুল করে, তাহলে তাদের সাথে ভাল ব্যবহার করবে। আর যদি তারা ইসলাম কবুল না করে তাহলে তাদের উপর আক্রমণ করবে । আল্লাহ তাআলা মুসলমানগণকে ওদের উপর জয়ী করবেন । তখন তোমরা গনিমতের মালের পঞ্চমাংশ মদিনায় প্রেরণ করবে, আর বাকীটুকু মুজাহিদগণের মাঝে বন্টন করে দিবে । (২) দলের সেনাপতি সর্বাবস্থায় সতর্ক থাকবে, নিজ দলে যাতে ফাসাদ হাঙ্গামা সৃষ্টি না হয় সে দিকে লক্ষ রাখবে । (৩) কোন অপরিচিত লোককে নিজ দলে অবস্থান করার অনুমতি দিবে না, তাহলে গুপ্তচর হতে হিফাজত থাকবে। (৪) সাধারণ সিপাহীদের সাথে সদ্ব্যবহার করবে । চলাফেরা কথা-বার্তায় সব সময় দলের মুজাহিদ ও এলাকার সাধারণ মুসলমানদের সাথে ভাল ব্যবহার করবে।

আবুবকর (রাঃ) এর পয়গাম

আবুবকর (রাঃ) মুসলিম সেনা পাঠানোর পূর্বেই প্রত্যেক মুরতাদ কবিলার কাছে দূতের মাধ্যমে পত্র প্রেরণ করেন, দূতের প্রতি

খলিফার নির্দেশ ছিল যে সকল কবিলার লোকজনকে একত্রিত করে এ পয়গাম পড়ে শুনাবে।

রাসূল (সাঃ) এর খলিফা আবুবকরের পক্ষ হতে ঐ সকল লোকদের কাছে, যারা ইসলাম হতে সরে দাঁড়িয়েছে এবং ঐ সকল লোকদের কাছে ও যারা ইসলামের উপর কায়েম আছে, আল্লাহ তাআলা মুহাম্মদ (সাঃ) কে সত্য নবী রূপে প্রেরণ করেছেন। যিনি মানুষ কে আল্লাহর পথে আহবান করতেন। যারা তাঁর আহবানে সাড়া দিয়ে ছিলেন তাঁরা কামিয়াব হয়েছেন। আর যারা তাঁর বিরোধিতা করে ছিল তাদেরকে জিহাদের মাধ্যমে শায়েস্তা করেছেন। তিনি আল্লাহর আইন দুনিয়ায় প্রতিষ্ঠিত করেছেন। দ্বীনের কাজ সঠিক রূপে আঞ্জাম দেয়ার পর, তিনি দুনিয়া হতে বিদায় নিয়েছেন। একথা আল্লাহ পাক কোরআনে ঘোষণা করেছেন। انك ميت وانهم ميتون

অর্থঃ তুমি ও মরবে ওরাও মরবে।

وما محمد الا رسول قد خلت من قبله الرسل افاين مات او قتل انقلبتم على اعقابكم

অর্থঃ মুহাম্মদ (সাঃ) শুধু মাত্র আল্লাহর রাসূল। তাঁর পূর্বে বহুত রাসূল এ দুনিয়া হতে বিদায় নিয়েছেন, সুতরাং তিনি যদি মারা যান অথবা শহীদ হয়ে যান তাহলে কি তোমরা পূর্বের দ্বীন তথা কুফুরের দিকে ফিরে যাবে? যে ব্যক্তি কুফুরের দিকে ফিরে যাবে সে আল্লাহ তাআলাকে কোন ক্ষতি করতে পারবে না। যে ব্যক্তি মুহাম্মদ (সাঃ) এর পূজা করত তাঁর জানা উচিৎ যে তিনি বিদায় নিয়েছেন। আর যে এক আল্লাহর উপসনা করত তাঁর এ কথা অবশ্যই জানা আছে যে আল্লাহ জীবিত আছেন এবং থাকবেন। তিনি ঘুমান না। ঝিমান না। তাঁর মৃত্যু

নেই। তিনি তাঁর নির্দেশ বাস্তবায়ন করেন। তিনি নিজ দলের লোক দ্বারা দুশমনকে পরাস্ত করেন। আমি তোমাদের কে নসিহত করতেছি, তোমরা আল্লাহকে ভয় কর। নবী (সাঃ) এর আনীত ধর্ম মোতাবেক জীবন গড়। দ্বীনে এলাহীর রশ্মি মজবুত করে ধর।

আমার কাছে খবর এসেছে, তোমাদের কিছু লোক ইসলাম গ্রহণ করার পর খোদার দ্বীন থেকে মূখ ফিরিয়ে নিয়েছে, তারা শয়তানের অনুস্বরণ করছে। তোমরা আল্লাহ কে ছেড়ে শয়তানকে কেন দোস্ত বানালে? সে তো তোমাদের দুশমন। আল্লাহ পাক নিজেই বলেছেন শয়তান তোমাদের দুশমন, সুতরাং তোমরাও শয়তানকে দুশমন মনে কর। কেননা সে তোমাদের কে দোযখের দিকে আহবান করে। আমি মুজাহিদ বাহিনী তোমাদের কাছে পাঠালাম, তোমরা ওদের ডাকে সাড়া দিয়ে ইসলাম কবুল কর, তোমাদের সাথে সৎ ব্যবহার করা হবে, কোন ক্ষতি করা হবে না। ইসলাম কবুল না করলে, মুজাহিদ বাহিনী তোমাদের উপর আক্রমণ করবে, তখন তোমাদের প্রতি সদয় ব্যবহার করা হবে না। মুজাহিদ বাহিনী যখন আযান দিবে, তখন তোমরাও আজান দিবে, তাহলে তোমাদের কে মুসলমান মনে করা হবে।

হযরত আবুবকর (রাঃ) ১১টি পতাকা ১১জন সেনাপতির হাতে তুলে দিলেন।

হযরত খালিদ(রাঃ) এর হাতে প্রথম ঝান্ডা দিয়ে তলিহার বিরুদ্ধে প্রেরণ করেন, তলিহার অভিযান শেষ করার পর তাঁর প্রতি

নির্দেশ ছিল বাতাআ নামক স্থানে গিয়ে মালেক বিন নবিরা কে হত্যা করা এবং সাজাহ নাম্নী মহিলা নবীর বিরুদ্ধে যুদ্ধ করা।

দ্বিতীয় ঝান্ডা হযরত ইকরামা বিন আবু জাহল (রাঃ) এর হাতে দিয়ে এমামা দেশে প্রেরণ করেন, মুসাইলামার বাহিনীর সাথে যুদ্ধ করার জন্য। তৃতীয় ঝান্ডা শুরাহবিল কে প্রদান করে হাজারা মাউতের দিকে প্রেরণ করেন।

চতুর্থ ঝান্ডা খালিদ বিন সায়ীদ কে প্রদান করে সিরিয়ার সিমান্তে প্রেরণ করেন।

পঞ্চম ঝান্ডা আমর ইবনুল আস কে প্রদান করে বনু কাজাআর মুরতাদদের বিরুদ্ধে পাঠান।

যষ্ট ঝান্ডা হোজাইফা বিন মুহসিনের হাতে দিয়ে উমান দেশে প্রেরণ করেন।

সপ্তম ঝান্ডা আরফাজার হাতে দিয়ে আহলে মহরায় যাওয়ার নির্দেশ দিলেন।

অষ্টম পতাকা তরিফার হাতে প্রদান করে বনু সালেম ও বনু হাওয়াজেনের বিরুদ্ধে প্রেরণ করেন।

নবম পতাকা সবিদ কে প্রদান করে এমানে যাওয়র নির্দেশ দিলেন।

দশম পতাকা আলা ইবনুল হাজারমীকে প্রদান করেন এবং তাকে বাহরাইন দেশে যাত্রা করার নির্দেশ দিলেন।

একাদশ পতাকা মুহাজির বিন আবি উমাইয়্যা কে প্রদান করেন এবং তাঁকে সানার দিকে যাওয়ার নির্দেশ দিলেন।

১১তম হিজরীর জমাদিউল আউয়ালের সম্ভবত ১১ তারিখে ১১ জন সেনাপতির নেতৃত্বে ১১টি বাহিনী ১১ দিকে যাত্রা করেন। হযরত

আবুবকর (রাঃ) তাদের বিদায় করে কিছু সংখ্যক নওজোয়ানকে সশস্ত্রবস্থায় মসজিদে নববীর সামনে মোতায়েন করেন। তাঁরা মূলত রিজার্ভ বাহিনী ছিলেন। তাদের কাজ ছিল মদিনার উপর কোন অতর্কিত আক্রমণ আসলে তা প্রতিহত করা।

হযরত আলী (রাঃ), যোবাইর (রাঃ), তালহা (রাঃ), আব্দুল্লাহ বিন মাসউদ (রাঃ), খলিফা এ প্রবীণ চারজন সাহাবী কে গোয়েন্দাগীরীর কাজে নিযুক্ত করেন। তাঁরা তেজী ঘোড়ায় চেঁপে দ্রুত মদিনার এক প্রান্ত হতে অপর প্রান্তে চক্কর লাগাতেন। মদিনার সিমান্তে পাহারা দিতেন, কোন আগ্রাসী শক্তিকে মদিনার দিকে অগ্রসর হতে দেখলে দ্রুত এ খবর খলিফার কাছে পৌঁছে দিতেন। যদিও তাঁরা গোয়েন্দা গীরীর দায়িত্বে ছিলেন, তবু সাথে সাথে কমান্ডো বাহিনীর দায়িত্বও পালন করেন।

আবরাক ও জিলকচ্ছা নামক স্থানের মুরতাদরা যখন জানতে পারল যে মদিনায় পর্যাপ্ত সৈন্য নেই, তখন তারা মদিনায় আক্রমণ করার লক্ষ্যে অগ্রসর হয়। তাদের অগ্রাভিযান আলী (রাঃ) সহ সিমান্ত প্রহরীগণ প্রতিহত করেন এবং দ্রুত এ সংবাদ খলিফার কাছে পৌঁছে দিলেন। খলিফা এ সংবাদ পেয়ে রিজার্ভ বাহিনীকে আলী (রাঃ) এর সাহায্যে প্রেরণ করেন। এ রিজার্ভ বাহিনীর হামলায় মুরতাদরা পালিয়ে গিয়ে একটি কৌশল অবলম্বন করল, ওরা অন্য রাস্তা ধরে ঢোল পিটিয়ে এবং নানা ধরণের বাদ্য বাজিয়ে মুজাহিদগণের দিকে অগ্রসর হয়। এ বাজনার আওয়াজ শুনে মুজাহিদগণের উঠ ঘোড়া গুলো এদিক সেদিক ছোটাছুটি করতে লাগল। জানোয়ার গুলোর মাঝে আতংক ছড়িয়ে পড়ল, ওদেরকে স্থির রাখা সম্ভব হলনা। জানোয়ার গুলো ভয়ে দৌঁড়ে মদিনায় এসে থামল। এ অবস্থা দেখে খোদ খলিফা মদিনার বাহিরে তাশরিফ

এনে যুদ্ধের গতি পাল্টিয়ে দিলন। ৫/৬ ঘন্টা অবিরাম লড়াই করার পর দুশমন পরাজিত হল। বহুত মুরতাদ মুসলমানদের হাতে নিহত হল। খলিফা মদিনার বাহিরে আসার পর মুরতাদদের অন্য একটি জামাত মদিনার কেন্দ্রস্থলে আক্রমণ করে বসল, এতে কয়েকজন মুসলমান শাহাদাত বরণ করেন।

খলিফা আবুবকর(রাঃ) মদিনায় প্রত্যাবর্তন করার পর এ অবাঞ্চিৎ ঘটনা শুনে যার পর নাই ব্যথিত হলেন। তিনি আল্লাহর কসম করে বললেন, যে পরিমাণ মুসলমান মুরতাদদের হাতে শাহাদাত বরণ করেছেন যতক্ষণ পর্যন্ত সে পরিমাণ মুরতাদ হত্যা করতে না পারব আমি বিশ্রাম করব না। আমার কোন নিস্তার নেই। মুসলমানের রক্তে রঙিন হবে মুরতাদদের হাত আর এর প্রতিশোধ নেব না, তা অসম্ভব। এর পর হতে আবুবকর (রাঃ) আরও বেশী পেরেশান হয়ে পড়লেন। তাঁর কোন ঘুম নেই, তাঁর কোন আরাম নেই, তাঁর কোন খাওয়া নেই। তাঁর কলিজায় আগুন জ্বলে উঠেছে। তিনি ভাবলেন আজ হুজুর (সাঃ) বেঁচে নেই। দুশমনরা নবীর শহরে প্রবেশ করার সাহস পেল। শুধু তাই না, ওরা কয়েকজন মুসলমান শহীদ করে ফেলল। হুজুর (সাঃ) বেঁচে থাকলে অবশ্যই ওদের কে হত্যা করতেন, ওদের এলাকা দখল করে মুজাহিদগণের মাঝে বন্টন করে দিতেন।

আজ এ দায়িত্ব আমার। কেমনে আমি শান্তিতে থাকতে পারি। ওদেরকে অবশ্যই হত্যা করব। আল্লাহ পাক যদি রহমত করেন, তাহলে ওদের এলাকা দখল করে মুজাহিদগণের মাঝে ভাগ করে দিব। ইত্যবসরে উসামা (রাঃ) এর বাহিনী খৃষ্টানদেরকে পরাজিত করে প্রচুর মালে গণিমত সঙ্গে নিয়ে বিজয়ী বেসে মদিনায় প্রবেশ করেন। আবুবকর

(রাঃ) উসামাকে মদিনায় অবস্থান করার নির্দেশ দিয়ে, নিজে ছোট একটি বাহিনী নিয়ে দুশমনদের এলাকায় পৌঁছলেন। সেখানে মুরতাদদের সাথে ভীষণ লড়াই হল। শেষতক মুরতাদরা পরাজিত হয়ে পলায়ন করল। আবুবকর (রাঃ) মুরতাদদের কতল করে মুসলমানের রক্তের প্রতিশোধ নিলেন।

আল্লাহ পাক আবুবকর (রাঃ) এর কসম পূর্ণ করলেন। আবুবকর (রঃ) এর দিল ঠান্ডা হল। চক্ষু শীতল হল। তিনি মুরতাদদের ঘরবাড়ী, ফসলি ভূমি মুজাহিদগণের মাঝে ভাগ করে দিলেন। আর বিশাল খোলা ময়দান মুজাহিদগণের ঘোড়া চড়ানোর জন্য ওয়াক্‌ফ করে দিলেন।

১১ বাহিনী ১১ দেশে প্রেরণ।

খলিফা হযরত আবুবকর (রাঃ) প্রথম ঝান্ডা খালিদ বিন ওয়ালিদ (রাঃ) এর হাতে তুলে দিয়ে তলিহার বিরুদ্ধে পাঠালেন, বাজ্জাখা নামক স্থানে তলিহা বাহিনীর সাথে যুদ্ধ হয়। যুদ্ধের এক প্রান্তে তলিহা চাদর গায়ে দিয়ে অহীর অপেক্ষায় মোরাকাবায় বসেছিল, মানুষ কে ধোকা দেয়াই তার উদ্দেশ্য ছিল। যুদ্ধের ময়দানে তলিহা বাহিনী কিছুটা ক্ষতির সম্মুখীন হলো, এমন সময় তলিহার গ্রুপ কমান্ডার উয়াইনা বিন হাসান তলিহার কাছে প্রশ্ন করল, কোন অহী নাযিল হয়েছে কি-না? তলিহা নীতিবাচক জবাব দিল। কিছুক্ষণ পর পুনরায় জিজ্ঞাসা করল কোন অহী নাযিল হয়েছে কি-না? এবার ও পুর্বের ন্যায় জবাব পেল। উয়াইনা ময়দানে গিয়ে যুদ্ধ করতে লাগল। ইত্যবসরে মুসলিম বাহিনী সর্বাত্মক আক্রমণ করে বসল, মুরতাদরা পিছপা হতে লাগল। উয়াইনা আবার তলিহার

কাছে জিজ্ঞাসা করল, তলিহা বলল জিব্রাঈল এসে আমাকে বলে গেলেন, তোমার ভাগ্যে যা আছে তাই হবে। উয়াইনা একথা শুনে চিৎকার দিয়ে বলে উঠল, তোমরা কার জন্যে যুদ্ধ করছ, তলিহা মিথ্যা নবী। আমি ময়দান ছেড়ে চলে গেলাম। একথা শোনা মাত্র সমস্ত শত্র সৈন্য ময়দান ছেড়ে পলায়ন করল। অনেক মুরতাদ নিহত হল, গ্রেফতার হল প্রচুর। ততক্ষণাৎ অনেকেই কালেমা পড়ে মুসলমান হল। তলিহা পালিয়ে আত্মরক্ষা করল। হযরত ওমর (রাঃ) এর যুগে সেও মুসলমান হয়ে যায়। হযরত খালিদ (রাঃ) এর বাহিনী তলিহাকে নবী হওয়ার স্বাদ মিটানোর পর সাজাহ নাম্মী নবীর দিকে রওয়ানা হলেন। খালিদ (রাঃ) এর ভয়ে মোকাবালা হওয়ার পূর্বেই সাজাহ্ বাহিনী এলাকা ছেড়ে পালিয়ে গেল। তারপর তিনি বাতাআ নামক স্থানে যান সেখানে মালেক বিন নবিরা সহ বহু মুরতাদকে হত্যা করেন। এ সকল অভিযান পরিচালনা করে তিনি মদিনায় ফিরে আসেন।

হযরত ইকরামা (রাঃ) কে এমামা নামক স্থানে মুসাইলামার বিরুদ্ধে লড়াই করার জন্যে প্রেরণ করা হয়েছিল। তিনি স্বল্প সংখ্যক মুজাহিদ নিয়ে ৪০ হাজার শত্রু সেনার উপর আক্রমণ করে বসলেন। মুজাহিদ সংখ্যা স্বল্প হওয়ার কারণে ইকরামা (রাঃ) এর পক্ষে যুদ্ধ চালিয়ে যাওয়া সম্ভব হল না। তাই তিনি পিছন দিকে সরে এলেন। ইকরামা (রাঃ) এর পিছটানের খবর মদিনায় পৌছলে, আবুবকর (রাঃ) দ্রুত সংবাদ পাঠালেন। ইকরামা! তুমি মদিনায় ফিরে এসো না। তোমার বাহিনী নিয়ে হোজাইফা (রাঃ) ও আরফাজা (রাঃ) এর সাহায্যে এমান চলে যাও। সেখানে গিয়ে আহলে মহরা ও উমানীদের বিরুদ্ধে যুদ্ধ কর।

উমানীদের শায়েস্তা করার পর তুমি মুহাজির বিন আবি উমাইয়্যার সাহায্যে এমান চলে যাও।

এদিকে খলিফা মুসাইলামাকে শায়েস্তা করার জন্যে খালিদ (রাঃ) কে বাছাই করলেন। সদ্য ফিরে আসা খালিদ (রাঃ) এর বাহিনী ও উসামা (রাঃ) এর বাহিনী থেকে অতীত যুদ্ধে অভিজ্ঞতা সম্পন্ন তের হাজার মুজাহিদকে খালিদ বিন ওয়ালিদ (রাঃ) এর নেতৃত্বে এমামায় প্রেরণ করেন।

খালিদ (রাঃ) এর বাহিনী বীর বিক্রমে আল্লাহ আকবর তাকবীর ধ্বনী তুলে দুশমনদের উপর ঝাঁপিয়ে পড়েন। এটা খুব কঠিন যুদ্ধ ছিল। মুসলমানদের প্রচন্ড আক্রমণে দুশমনরা এক প্রাচীর ঘেরা বাগানে আশ্রয় নিল, (মুসাইলামা সেই বাগান কে হাদিকাতুর রাহমান বলে নামকরণ করেছিল)। এ সময় দুশমনদের পক্ষ হতে জবাবী আক্রমণে মুসলমানদের পতাকাবাহী কমান্ডার ছাবেত বিন কায়েস (রাঃ) শহীদ হলেন। যায়েদ বিন খাত্তাব (রাঃ) পতাকা সামলে নিলেন। মুসলমানগণ নিজ ভায়ের রক্ত ঝরতে দেখে ক্ষুধার্ত ব্যাঘ্রের ন্যায় দুশমনদের উপর ঝাঁপিয়ে পড়লেন।

এক নিমিষে প্রাচীর ভেঙ্গে মুসলমানগণ ভিতরে প্রবেশ করলেন। মুসাইলামা প্রতিকুল পরিস্থিতি দেখে আত্মরক্ষার জন্য পিছনের দরজা দিয়ে পালানোর চেষ্টা করলে অহশী (রাঃ) দুকদম অগ্রসর হয়ে জোর হাতে বর্যা নিক্ষেপ করলেন, খোদার দুশমনের পেট ভেদ করে অন্য পাশ দিয়ে বের হল। এসময়ে তিনি একটি কবিতা আবৃতি করলেন

অর্থঃ যখন আমি কাফির ছিলাম তখন সর্বশ্রেষ্ট মানব হামজা (রাঃ) কে

হত্যা করেছি। আর ইসলাম গ্রহণের পর সবচেয়ে নিকৃষ্ট মানবকে হত্যা করলাম। সামান্য সময়ের মধ্যে ময়দানে দুশমনের লাশ ছাড়া আর কিছু পাওয়া গেল না। এ যুদ্ধে ১৭ হাজার দুশমন মুসলমানদের হাতে নিহত হয়। এক সহস্রাধিক মুসলমান শাহাদাত বরণ করেন। তাদের মধ্যে অনেক হাফেজে কোরআন ও শহীদ হন। ১১ হিজরীর জিলহজ্জ মাসে এ যুদ্ধ খতম হয়।

উপরে বর্ণিত হয়েছে যে, খলিফা আলা ইবনুল হাজারমীকে বাহরাইনে প্রেরণ করে ছিলেন। বাহরাইনের মুরতাদরা আতিক নামক স্থানের কাছাকাছি মজবুত ঘাটি নির্মাণ করেছিল, মুসলিম সেনাদলের আগমণ বার্তা শুনে দুশমনরা তাদের ঘাটির চারদিকে খন্দক খনন করে। মুসলিম বাহিনী বাহরাইনে প্রবেশ করে দুশমনদের কাছে তাবু ফেলে। এক দু'দিন পরই যুদ্ধ বেঁধে যায়। একমাস পর্যন্ত যুদ্ধ চলতে থাকে, জয় পরাজয়ের কোন লক্ষণ দেখা গেল না। সবশেযে মুসলিম সেনাপতি একদিন নিজ বাহিনী নিয়ে সর্বাত্মক হামলা চালালেন, খন্দক পেরিয়ে দুশমনের ঘাটিতে পৌঁছে গেলেন। প্রতিপক্ষের সেনাপতি হাতাম সহ বহু সংখ্যক মুরতাদ নিহত হয়। এ যুদ্ধে মুসলমানদের হাতে এত অধিক পরিমাণ গণিমতের মাল আসে যে তাদের পক্ষে আরও দীর্ঘ দিন যুদ্ধ চালিয়ে যাওয়া সম্ভব হয়।

উপরে উল্যেখ করা হয়েছে যে, লকিত নামী মিথ্যা নবীর বিরুদ্ধে খলিফা আবুবকর (রাঃ) হোজাইফা (রাঃ) কে উমানে প্রেরণ করেছিলেন। হোজাইফা (রাঃ) উমান পৌঁছে দুশমনের মোখামুখি হলেন। এমন সময় এমামা হতে ইকরামা (রাঃ) এর বাহিনী তাঁর সাহায্যে যোগ দিল। দাবা নামক শহরে লকিত সৈন্য সমাবেশ করল। মুসলমানগণ

তাদের তুলনায় একটু নীচু জমিনে সৈন্য বিন্যাস করেন। ইকরামা বিন আবু জাহল (রাঃ) অগ্রবাহিনীর নেতৃত্ব দেন। ডান দিকের দায়িত্বে ছিলেন হোজাইফা (রাঃ) এবং বাম দিকের কমান্ডার ছিলেন আরফাজা (রাঃ)। মাঝখানে ছিলেন উমানের স্থানীয় মুসলমানগণ।

তুমুল যুদ্ধ হল। বিল আখের মুসলিম বাহিনী জয়লাভ করেন। এ যুদ্ধে দশ হাজার দুশমন নিহত হয়। চার হাজার মুসলমানদের হাতে বন্দী হয়। মালে গনিমতের বিরাট বিরাট স্তুপ মদিনায় প্রেরণ করা হয়। এ যুদ্ধ শেষ করে তিনি খলিফার নির্দেশে আহলে মহরায় চলে যান। তিনি সেখানে পৌঁছে তাদেরকে পুনরায় দ্বীনের দাওয়াত প্রদান করেন। তাঁর আহবানে দুশমনদের একটি বড় অংশ ইসলাম কবুল করে। বাকীদের সাথে যুদ্ধ হয়, যুদ্ধে দুশমনদের সেনাপতি মসীহ নিহত হয়। এ যুদ্ধে ও মুসলিম বাহিনী জয়লাভ করেন।

তারপর তিনি খলিফার নির্দেশ মোতাবেক মুহাজির (রাঃ) এর সাহায্যে এমান চলে যান। ইকরামা (রাঃ) এমান পৌঁছার পূর্বেই নাজরান নামক স্থানে মুহাজির (রাঃ) এর সাথে মুরতাদদের যুদ্ধ বেঁধে যায়। তুমুল লড়াই করার পর মুরতাদদের নেতা কায়েস বিন মাকশুহ এবং আমর বিন মাআদিকারাবা মুজাহিদগণের হাতে গ্রেফতার হয়। উভয়কে বন্দী করে খলিফার কাছে পেশ করা হয়। তাঁরা মদিনায় পৌঁছে মুসলমান হয়ে যান। খলিফা তাদেরকে আযাদ করে দেন।

এ সকল অভিযানের পর তাঁরা বনু কেন্দার দিকে অগ্রসর হয়। বনু কেন্দার লোকেরা আশআছের নেতৃত্বে বিশাল বাহিনী গড়ে ছিল। মুসলিম বাহিনী সেখানে পৌঁছা মাত্রই যুদ্ধ শুরু হল। দুশমনরা সম্মুখ

যুদ্ধে টিকে থাকতে না পেরে, দুর্গে আশ্রয় নিল। মুসলমানগণ দুর্গ অবরোধ করল এবং দুশমনদের রসদ পত্র আসার রাস্তা বন্ধ করে দিল।

আশআছ অপারগ হয়ে মুহাজির (রাঃ) এর সাথে স্বন্ধি করল। সে নয়জন ব্যক্তি এবং তাদের পরিবার বর্গের জানের বিনিময়ে দুর্গের দরজা খুলে দিল। খোদার কি কুদরত আশআছ এ নয় ব্যক্তির লিষ্টে নিজের নাম লিখতে ভুলে গেল। সুতরাং মুসলমানগণ ঐ নয় ব্যক্তি ছাড়া সকলের সাথে আশআছকেও গ্রেফতার করলেন। এদের সবাইকে খলিফার দরবারে হাজির করা হলে সকলেই মুসলমান হয়ে যান।

মাত্র ১১ মাসের মধ্যে খলিফা আবুবকর (রাঃ) আরব ভূমি শত্রু মুক্ত করলেন। ১১ মাস আগে মক্কা, মদিনা আর তায়েফ ছাড়া সব স্থানে মুরতাদ ও শত্রুদের আস্তানা ছিল। ১১ মাস পর আরবের রঙ পাল্টে গেল, এখন আর কেউ ইসলামের বিরুদ্ধে কথা বলে না। সকল স্থানে আমনো আমান সৃষ্টি হল। ১১ মাসে ইসলামী ইমারত মজবুত হল। এটা একমাত্র জিহাদের বরকতেই সম্ভব হয়েছে।

বর্তমানে ইসলামের সবচেয়ে বড় শত্রু যেমন ভারত আর আমেরিকা। তদানিন্দন সময়ে ছিল, রোম আর পারস্য। এ দুই পরাশক্তি সব সময় ইসলামী রাষ্ট্রের উপর আঘাত হানার চেষ্টা করতো। ইসলামী রাষ্ট্রের অভ্যন্তরে যখন গোলযোগ দেখা দিল। তখন এ দুই পরাশক্তির কুদৃষ্টি মদিনার উপর পড়ল। রোম সম্রাট হেরকাল ইসলামী ইমারতে আঘাত হানার জন্য শামদেশে সৈন্য সমাবেশ করল। এদিকে পারস্য তথা ইরানীরা ও মুসলিম রাষ্ট্রের দিকে অগ্রসর হচ্ছিল। খলিফা ১১ বাহিনী প্রেরণ করার পূর্বেই উসামার নেতৃত্বে একদল মুজাহিদ শামদেশে প্রেরণ করেন। আর মুসান্না বিন হারেসা (রাঃ) এর নেতৃত্বে একদল মুজাহিদ

ইরাক ইরানের দিকে প্রেরণ করেন। তাঁর প্রতি নির্দেশ ছিল, কোন এক স্থানে জমে থেকে যুদ্ধ করো না বরং গেরিলা কায়দা যুদ্ধ করো। যতদুর সম্ভব ইরানীদের কে ভয় দেখাও। এর দ্বারা খলিফার উদ্দেশ্যে ছিল ইরানীরা যেন মুসলিম জনবসতির দিকে অগ্রসর না হয়। খলিফা আবুবকর (রাঃ) মুসলিম এলাকা শান্ত করার পর এবার তিনি মন দিলেন পারস্য সম্রাজ্যের প্রতি।

খলিফা খালিদ বিন ওয়ালিদ (রাঃ) কে ১৮ হাজার মুজাহিদ দিয়ে ইরাকে প্রেরণ করেন, তিনি ইরাক ইরানে সর্বমোট ২৫টির মত যুদ্ধ পরিচালনা করেন। সব গুলোতে তিনি বিজয় লাভ করেন। এ যুদ্ধগুলোতে প্রায় দুই লক্ষ পারস্য ফৌজ মুসলমানের হাতে নিহত হয়। মুসলমানগণ বিশাল এলাকা দখল করে নেয়। হায়রা নামক স্থানে মারকাজ বানিয়ে এ সকল এলাকা শাসন করতে থাকে। এখানে মুসলিম সৈন্য সংখ্যা ছিল সর্বমোট ২০ হাজার। খালিদ (রাঃ) খলিফার নির্দেশে মুসান্না বিন হারেসা (রাঃ) এর কাছে দায়িত্ব ভার দিয়ে ১০ হাজার সৈন্য নিয়ে শামের পথ ধরে।এদিকে খলিফা আরও ৫টি বাহিনী একের পর এক শামের দিকে প্রেরণ করেন। তাদের কমান্ডার ছিলেন যথাক্রমে- (১) ইকরামা বিন আবুজাহল (রাঃ), (২) আমর ইবনুল আস (রাঃ) (৩) ইয়াযিদ বিন আবু সুফয়ান (রাঃ) (৪) আবু উবাইদা (রাঃ) (৫) শুরাহবিল বিন হাসানা (রাঃ)।

আমর ইবনুল আস (রাঃ) এর বাহিনী ফিলিস্তিনের রাস্তা ধরে অগ্রসর হয়। ইয়াযিদ বিন আবু সুফ্য়ান দামেস্কের রাস্তা ধরে অগ্রসর হয়। আবু উবাইদা বিন জাররাহ (রাঃ) হিমসের রাস্তা ধরে অগ্রসর হয়। এবং শুরাহবিল (রাঃ) উরদুনের রাস্তা ধরে এগিয়ে যায়। খালিদ (রাঃ)

সহ ইয়ারমুকের ময়দানে সকলে মিলিত হন। মুজাহিদ সংখ্যা সর্বমোট ৪০ হাজারে দাঁড়ায়। এদিকে রোমান সৈন্যের সংখ্যা ৫ লাখে পরিণত হয়।

ইয়ারমুকের যুদ্ধ

১৩ হিজরীর জমাদিউচ্ছানী মাসের শেষ দিন গুলোর কোন এক সকালে ইয়ারমুকের ময়দানে যুদ্ধ শুরু হয়। হযরত খালিদ (রাঃ) নিজের বাহিনীকে ছোট ছোট অনেক দলে বিভক্ত করেন, এবং প্রতি দলে একজন করে দক্ষ কমান্ডার নিযুক্ত করেন। আর ৪০ হাজার বাহিনী হতে কিছু বীর বাহাদুর বাছাই করেন, এরা হলেন স্পেশাল বাহিনী। এ বাহিনী নিজের হাতেই রাখেন। যুদ্ধের প্রারম্ভেই রোমানদের চল্লিশ হাজার ঘোড়সওয়ার খুব তর্জন গর্জন করে মুসলমানের উপর আক্রমণ করে বসে। হযরত খালিদ বিন ওয়ালিদ (রাঃ) তাঁর স্পেশাল বাহিনী দ্বারা তা প্রতিহত করেন।

এ সময় জারজা বিন যায়েদ নামে একজন রুমী সরদার হযরত খালিদ (রাঃ) কাছে ইসলাম গ্রহণ করেন এবং নিজ দল ত্যাগ করে মুসলমান দলে শামিল হন। তিনি হলেন সেই সকল ব্যক্তিদের একজন যিনি মুসলমান হওয়ার পর কোন নামায-রোজা না করেই শাহাদাত লাভ করেন।

যুদ্ধের পরিস্থিতি খুব গরম। মুসলমানগণ জোহর ও আসরের নামায পর্যন্ত পড়ার সুযোগ পেল না। ইশারার মাধ্যমে নামায আদায় করতে হল। ৫ লাখ বাহিনীর সাথে মাত্র ৪০ হাজার লোকের মোকাবালা। দুশমনরা শকুনের মত চারপাশ হতে ঝাঁপিয়ে পড়ছে। মুসলমানগণ এত ব্যস্ত ছিল যে হার জিতের চিন্তা করার সময়টুকুও পেল

না। সকাল থেকে শুরু হয়ে বেলা অস্ত যাওয়া পর্যন্ত যুদ্ধ হল, কিন্তু হার জিতের কোন লক্ষণ দেখা গেল না। আবু সুফয়ান (রাঃ) এ অবস্থা দেখে কবিতা আবৃতি করছিলেন এবং মুসলিম সেনাদলকে কাফিরদের বিরুদ্ধে ক্ষেপিয়ে তুলছিলেন। হযরত ইকরামা বিন আবু জাহল (রাঃ) এ অবস্থা দেখে এক জ্বালাময়ী ভাষণ দিলেন,

হে মুসলমান! কে আছো! জান্নাত পেতে চাও। কে আছো! জাহান্নাম থেকে মুক্তি চাও? কে আছো! আল্লাহর সাক্ষাত চাও। কে চাও যে তোমার জন্য জান্নাতে ৭০টি হুর বরাদ্দ হোক। তাঁরা আমার কাছে এসো। আমার হাতে মৃত্যুর উপর বায়াত হও। তোমাদের জন্য জান্নাত সাজানো হয়েছে। হুর গেলমানরা তোমাদের জন্যে অপেক্ষা করছে। ঐ দেখ দুশমনরা তোমাদের দিকে ধেঁয়ে আসছে। এ আহবানে চারশত মুজাহিদ তাঁর কাছে মৃত্যুর উপর বায়াত হলেন। তাঁরা প্রতিজ্ঞা করলেন হয়ত বিজয়ের মালা ছিনিয়ে আনবেন, না হয় শাহাদাতের পিয়ালা পান করবেন। এ প্রতিজ্ঞার পর তাঁরা বাঁধ ভাঙ্গা বন্যার ন্যায় অপ্রতিরোধ্য গতিতে দুশমনের উপর আক্রমণ চালালেন। সারাদিন সারারাত যুদ্ধ হল। ফজরের নামাযের সময় মুসলিম বাহিনী বিজয় লাভ করলেন।

যুদ্ধ খতম হল, এক লক্ষ ত্রিশ হাজার খৃষ্টান মারা পড়ল। রক্তে সয়লাব হয়ে গেল ইয়ারমুকের ময়দান। খৃষ্টানরা পরাজিত হল। মুসলমানদের ঝান্ডা উড্ডীন হল কিন্তু ইকরামা (রাঃ) কে আর পাওয়া গেল না। তাঁর ছেলে আমর ইবনে ইকরামা (রাঃ) কে ও আর পাওয়া গেল না। অনেক সন্ধ্যান করার পর তাদেরকে শহীদগণের মাঝে পাওয়া গেল। আল্লাহ পাক ইকরামা (রাঃ) এর বায়াত কবুল করেছেন। তিনি জান্নাতে চলে গেছেন।

বন্ধুরা আমার! যে আবুবকর (রাঃ) কাফির মুরতাদদের বিরুদ্ধে সর্বাত্মক যুদ্ধ করে গেলেন। যে আবুবকর (রাঃ) এর শাসনকালকে মুরতাদ উৎখাতের শাসন কাল বলা চলে। যে আবুবকর (রাঃ) এর পাহাড় সম হিম্মতের কারণে ইসলামী রাষ্ট্র টিকে ছিল। প্রায় সকল সাহাবায়ে কিরাম যখন মুরতাদদের বিরুদ্ধে এ্যাকশনে যাওয়া অপছন্দ করেছিলেন, আর আবুবকর (রাঃ) বলতে ছিলেন, আমি বেঁচে থাকব, আর দ্বীনের সামান্য ক্ষতি হবে তা বরদাশত করা যায় না।

নবী (সাঃ) এর কোন একজন সাহাবী ও যদি তাদের বিরুদ্ধে যুদ্ধে বের না হয়, আমি আবুবকর (রাঃ) একাই ওদের বিরুদ্ধে লড়ব। লড়তে লড়তে হয় আমি শেষ হয়ে যাবো, না হয় মুরতাদরা খতম হবে। কোন অবস্থাতেই দ্বীনের সামান্য ক্ষতি বরদাশত করা হবে না। যে আবুবকর (রাঃ) এর দৃঢ় মনোবলের কারণে ইসলাম ও মুসলমান মুরতাদদের হাত হতে রক্ষা পেল, সেই আবুবকর (রাঃ) কে আজ শিয়ারা মুরতাদ বলে।

আসলে গোড়া খোঁজলে দেখা যায়, ওরা খিলাফতে রাশেদার যুগের মুরতাদদের বংশধর। বর্তমান বিশ্বে শিয়ারা যেমন ভাবে সুন্নীদের বিরুদ্ধে অপপ্রচার করছে, সুন্নী আলেমদের কে গুপ্ত হামলায় হত্যা করছে, তদ্রূপ খিলাফতে রাশেদার যুগেও তারা করেছিল। খিলাফতে রাশেদার শেষ অর্থাৎ উসমান ও আলী (রাঃ) এর যুগে ওরা অত্যাধিক সক্রিয় হয়ে উঠেছিল। ওদের গুপ্ত ষড়যন্ত্রের শিকার হন মুসলিম বিন আকিল (রাঃ), হুসাইন (রাঃ), এবং তাঁর গোটা পরিবার বর্গ, আলী (রাঃ) ও উসমান (রাঃ) সহ আরও বহু গুণীজন।

গোপন হত্যা (১)

কুখ্যাত ব্যক্তির বিখ্যাত সাজা

আওস ও খাজরাজ ভিন্ন দুটি গোত্রের নাম। মদিনায় তাদের বাস। ধর্মে কর্মে এক ও অভিন্ন। অর্থাৎ উভয়ে তারা মুশরিক, ধর্মের ব্যাপারে তাদের মাঝে কোন সংঘাত নেই, সংঘাত শুধু আধিপত্য বিস্তার নিয়ে। যুগ-যুগ ধরে এ দু-গোত্রের মাঝে আধিপত্য বিস্তারের যুদ্ধ চলছে। কখনো আওস পরাজিত হয়, আবার কখনো এর বিপরীত হয়। এদের পিছনে অস্ত্রের যোগান দিচ্ছে মদিনার ইয়াহুদী গোষ্ঠী। ওদের ভাল করেই জানা যে, মুশরিক দলদ্বয়ের মাঝে ঐক্য হলে, ইয়াহুদদের অস্তিত্ব থাকবে না। চলবেনা ওদের মড়লিপনা। উভয় দল ইয়াহুদদের কাছে ঋণী হওয়ার ফলে, তারা ওদের সামনে মাথা হেড করে চলতো। দীর্ঘস্থায়ী যুদ্ধের কারণে, তাদের সর্বস্ব শেষ হতে যাচ্ছে, কিন্তু যুদ্ধ বন্ধ হওয়ার কোন লক্ষণ দেখা যাচ্ছে না। ইতি মধ্যেই মদিনায় মুহাম্মাদুর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি-ওয়াসাল্লামের আগমন ঘটলো। অন্ধকারাচ্ছন্ন মদিনায় হিদায়েতের প্রদীপ জ্বলে উঠলো। হিদায়েতের আলো ছড়িয়ে পড়লো পুরো মদিনায়, যে আলো থেকে বাদ পড়েনি আওস ও খাজরাজ গোত্রদ্বয়ও। আওস ও খাজরাজ গোত্রের প্রতিটি সদস্যের হৃদয় আলোকিত হলো হিদায়েতের আলো দ্বারা। এ আলো হতে বঞ্চিত হলো শুধু অভিশপ্ত ইয়াহুদী গোষ্ঠী। আওস ও খাজরাজ ইসলাম গ্রহণ করে চির জান্নাতের সন্ধান পেল। ইয়াহুদ সম্প্রদায় আহলে কিতাব হয়েও জাহান্নাম কে আবাস্থল বানালো।

পূর্বের আলোচনার দ্বারা বুঝতে পারলাম, আওস ও খাজরাজ গোত্রদ্বয় ইসলাম গ্রহণের আগে যুগ-যুগ ধরে যুদ্ধ করে আসছিল। খারাপ কাজে হিরো হওয়ার জন্যে তাদের প্রতিযোগীতা হতো প্রতি মুহুর্তে। ইসলাম গ্রহণের পর তাঁদের এ প্রতিযোগীতা বন্ধ হয়নি। তবে নীতির পরিবর্তন ঘটেছে। আগে প্রতিযোগীতা হতো খারাপ কাজে অগ্রগামী হওয়ার জন্যে। এখন প্রতিযোগীতা হয় ভাল কাজে অগ্রগামী হওয়ার জন্যে। সেই প্রতিযোগীতার অংশ হিসাবে আওস গোত্রের লোকেরা নবী (সাঃ) এর জানের দুশমন ইসলামের চির শত্রু কাব বিন আশরাফ কে হত্যা করলো। আওস গোত্রের লোকেরা সাময়িক ভাবে নেক কাজে এগিয়ে গেল। খাজরাজ গোত্রের লোকেরা সুযোগের অপেক্ষায় রইল। ইত্যবসরে কাংখিত সুযোগ এসে পড়লো।

আবু রাফে নামক এক ইয়াহুদী হুজুর (সাঃ) কে গালি দিতো। সে নবী (সাঃ) কে হত্যা করার প্রচেষ্টা সহ ইসলামকে দুনিয়া হতে মিটিয়ে দিতে সামান্যতম কসূর করেনি। যাদের কারণে খন্দকের যুদ্ধ সংগঠিত হয় ,আবু রাফে তাদের অন্যতম।

খাজরাজ গোত্রের লোকেরা অভিশপ্ত আবু রাফেকে হত্যা করার সিদ্ধান্ত নিলেন। সিদ্ধান্ত মোতাবেক আব্দুল্লাহ্ বিন আতিক, আব্দুল্লাহ বিন আনিস, আবু কাতাহ (রাঃ) প্রমূখগণ হুজুর (সাঃ) এর কাছে আবু রাফে কে হত্যা করার অনুমতি চাইলেন। হুজুর (সাঃ) ও আগে থেকেই এমনটা ভাবছিলেন। কিভাবে তাঁকে দুনিয়া থেকে বিদায় করা যায়।সুতরাং খাজরাজ গোত্রের কিছু লোক অনুমতি চাইলে, হুজুর (সাঃ) খুশি মনে তাদের আবেদন মঞ্জুর করেন।

বুখারী শরীফে তার কতলের বিস্তারিত আলোচনা বর্ণিত আছে। তা এখানে তুলে ধরা হলো। হযরত বারা ইবনে আযেব (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ (সাঃ) একদা আব্দুল্লাহ্ বিন আতিক ও আব্দুল্লাহ্ বিন উতবা সহ কিছু সাথী আবু রাফে কে হত্যার জন্যে (তার বাড়ীতে) প্রেরণ করেন। (ছয় সদস্য বিশিষ্ট) সাহাবায়ে কিরামের দলটি (সন্ধার সময়) আবু রাফের দুর্গের অনতিদূরে উপনীত হলেন। এ সময় দলনেতা আব্দুল্লাহ্ বিন আতিক (রাঃ) অন্যান্য সাথীবৃন্দকে বললেন, আপনারা এখানেই অবস্থান করুন ! আমি অগ্রসর হয়ে দেখি, কোন কৌশল অবলম্বন করা যায় কি-না? আব্দুল্লাহ্ বিন আতিক (রাঃ) নিজেই বলেন, আমি (আবু রাফের দুর্গের কাছে এসে) দুর্গে প্রবেশ করার ফন্দি তালাশ করছিলাম। এমন সময় শুনতে পেলাম তাদের এক গাধাঁ হারানো গিয়াছে। দুর্গের লোকেরা আগুনের মশাল জ্বেলে গাধাঁর সন্ধান করছে। (মশালের আলো চারদিক ছড়িয়ে পড়ছে)। আব্দুল্লাহ্ বিন আতিক (রাঃ) বলেন, আমি ভয় পাচ্ছিলাম যে, আমাকে কেউ চিনে ফেলল কি-না? (তাদের হাত হতে বাঁচার জন্যে কৌশল অবলম্বন করলাম) আমি নিজের মাথা ও পা ঢেকে, এমন ভাবে বসে পড়লাম, লোকে দেখলে অবশ্যই বলবে, যে আমি মল ত্যাগ করছি। এ সময় গেট দারওয়ান আওয়াজ দিল যাদের ইচ্ছা আছে দুর্গে প্রবেশ করার, তারা শীঘ্র দুর্গে প্রবেশ কর, আমি গেট বন্দ করে দিচ্ছি। আমি এ সুযোগে দুর্গে প্রবেশ করলাম। তারপর গেটের সাথে গাধাঁর আস্তাবলে আত্মগোপন করলাম। অনেক লোক আবু রাফের ঘরে রাতের খানা সারলো, পরে গল্প গুজবে মেতে উঠল। রাত্রের এক প্রহর অতিক্রান্ত হওয়ার পর সকলেই নিজ নিজ ঘরে চলে গেল। শোরগোল বন্দ হলো, (নিস্তব্দতা নেমে এলো এক সময়)

আর কোন আওয়াজ শুনতে পেলাম না। আমি আস্তাবল হতে বের হলাম। আমি পুর্বেই দেখে ছিলাম সেই তাকটি, যেখানে দারওয়ান দুর্গের চাবি রাখত। সুতরাং বের হয়ে সর্ব প্রথম চাবিটি হাতে নিলাম, চাবি নিয়ে দূর্গের প্রধান ফটক খুলে নিলাম, উদ্দেশ্য ছিল দূর্গের কোন লোক আমাকে দেখে ফেললে, অতি সহজেই যেন আত্মরক্ষা করতে পারি। তারপর আমি একের পর এক ঘর অতিক্রম করতে লাগলাম, (অর্থাৎ তিনি আবু রাফের অট্টালিকার ফটক গুলো খুলে, তার বিশেষ বালাখানার দিকে যাচ্ছিলেন, যেখানে আবুরাফে ঘুমাতো)। আমি একের পর এক ফটক খুলে, ভিতর থেকে বন্ধ করে দিচ্ছিলাম। অতপর সিঁড়ি দ্বারা উপরে উঠে আবু রাফের ঘরে প্রবেশ করলাম। অন্ধকার ঘর, আমি বুঝতে পারলাম না আবু রাফে কোথায় অবস্থান করছে। আমি বললাম, ওহে আবু রাফে! সে বলল, কে তুমি? আমি কোন উত্তর দিলাম না।

এবার আমি তার আওয়াজের প্রতি লক্ষ করে তার কাছে চলে গেলাম, এবং তার উপর আক্রমণ করে বসলাম। সে চিৎকার জুড়ে দিল, আমার এ আক্রমণে কোন ফায়দা হলো না। সে অক্ষত। আমি এবার তার সাহায্যকারী রূপে আবির্ভূত হলাম। আওয়াজ খানিক পরিবর্তন করে বললাম, আবু রাফে সাহেব! কি হলো আপনার? আবু রাফে আমাকে গোলাম ভেবে বলল, তোমার উপর আশ্চর্য-বোধ করবো না? তোমার মা ধ্বংস হোক! দুশমন আমার ঘরে প্রবেশ করেছে এবং আমার শরীরে তরবারী দ্বারা আঘাত করছে। আব্দুল্লাহ্ বিন আতিক (রাঃ) বলেন, আমি আবার তার কাছে গেলাম, এবং দ্বিতীয় বারের মত তার উপর চড়াও হলাম, কিন্তু কোন ফায়দা হলো না (বরং ক্ষতির সম্ভাবনা দেখা দিল) সে জোরে চিৎকার করল।

যার ফলে তার ঘরবাসী উঠে পড়লো। তিনি বলেন, এবার আমার আওয়াজ সম্পূর্ণ পরিবর্তন করে কোন নবাগত সাহায্যকারীর ন্যায় তার কাছে আবির্ভাব হলাম। তার সাথে কথা হলো। আমি বুঝতে পারলাম, সে চিৎ হয়ে শুয়ে আছে। আমার তরবারী তার পেটের উপর রেখে খুব জোরে চাঁপ দিলাম, তরবারী তার পিঠ পর্যন্ত পৌঁছে গেল, তার মেরুদন্ডের হাড্ডি ভাঙ্গার আওয়াজ ও শুনতে পেলাম। এভাবে তার হত্যা করার কাজ সমাধা হলো। তারপর আমি ভীত সন্ত্রস্ত্র হয়ে ঘর হতে বের হলাম। সিঁড়ির কাছে এসে নীচে অবতরণ করার ইচ্ছা করলাম, এমন সময় পড়ে গিয়ে আমার পায়ের পাড্ডি ভেঙ্গে গেল। আমার মাথার পাগড়ী খুলে পায়ে পট্টি বাধঁলাম।

লেংড়া পায়ে খুড়িয়ে খুড়িয়ে সাথী বৃন্দের কাছে উপস্থিত হলাম। সাথীদের কে বললাম তোমরা মদিনায় চলে যাও, এবং রাসূলুল্লাহ্ (সাঃ) কে কতলের সুসংবাদ দাও! আমি তার নিশ্চিত মৃত্যু সংবাদ না শুনে এখান থেকে সরবো না। সকাল হলো, একজন ঘোষক দূর্গের প্রাচীরে উঠে আবু রাফের মৃত্যু সংবাদ পরিবেশন করলো। মৃত্যু সংবাদ শোনার পর আমি উঠে চললাম, এ সময় চলতে আমার কোন কষ্ট হয়নি। (অতিশয় আনন্দে ব্যথা অনুভব হয়নি) আমার সাথীরা নবী করীম (সাঃ) এর কাছে পৌঁছার পূর্বেই (পথিমধ্যে) তাদের সাথে আমার সাক্ষাত হয়। তারপর আমি নিজেই রাসূলুল্লাহ্ (সাঃ) কে তার কতলের সুসংবাদ দিলাম এবং আমার পা ভাঙ্গার কথা জানালাম । হুজুর (সাঃ) আমাকে পা লম্বা করতে বললেন, আমি পা লম্বা করলে, তিনি আমার পায়ে তার মোবারক হাত বুলিয়ে দিলেন। পায়ের ব্যথা

একদম সেরে গেল। মনে হল এ পায়ে আর কখনো কোন আঘাত লাগেনি।

গোপন হত্যা (২)

মুহাম্মদ বিন মাসলামা (রাঃ) এর অভিনয়

মদিনায় সংবাদ এলো, মুজাহিদ বাহিনী বিজয় লাভ করেছেন। কাফির বাহিনী পরাজিত হয়েছে। সত্তরজন কাফের সরদার নিহত। সওরজন গ্রেফতার। প্রতিটি মুসলিম ঘরে ঈদ উৎসব শুরু হলো। মক্কার কাফির বাহিনী পরাজিত হওয়ায়, ইয়াহুদী সরদার কা'ব বিন আশরাফ যার পর নাই দুঃখিত হল। মক্কায় গমন করে কাফির সরদারদের সাথে মত বিনিময় করল। কাব ও কুরাইশগণ কাবা ঘরের গিলাফ ধরে হলফ করে বলল আমরা মুশরিক ইহুদী ঐক্যবদ্ধভাবে মুসলমানকে মদিনা থেকে সমূলে উৎখাত করবো। চুক্তি অনুযায়ী কাফির এবং মিত্র বাহিনী ব্যাপক প্রস্তুতি নিতে শুরু করলো।

কা'ব বিন আশরাফ হুজুর (সাঃ) এর বিরুদ্ধে সাহাবীদের বিরুদ্ধে প্রকাশ্যে গোপনে অপমানকর কবিতা আবৃতি করতে লাগলো। যার ফলে নবী (সাঃ) এর ইজ্জত চরম ভাবে লুণ্ঠিত হচ্ছিল। হুজুর (সাঃ) ভাবতে ছিলেন, কেমনে কাব বিন আশরাফকে হত্যা করা যায়। তাকে হত্যা করা ছাড়া কোন গত্যন্তর ছিল না। কেননা হুজুর (সাঃ) জানতেন ইয়াহুদীরা মক্কার কাফিরদের সাথে চুক্তি করেছে, যে কোন সময় তারা

সম্মিলিত ভাবে মদিনায় হামলা করতে পারে। তখন প্রতিরোধ করা মুসলমানদের পক্ষে দুস্কর হয়ে পড়বে।

তৃতীয় হিজরী রবিউল আওয়াল মাস। সিদ্ধান্ত হল যে করেই হোক রাস্তার ময়লা সড়াতে হবে। হযরত জাবের বিন আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত আছে। রাসূলুল্লাহ (সাঃ) ইরশাদ করেন, কে আছো বীর বাহাদুর! যে কা'ব বিন আশরাফকে হত্যা করবে! সে আল্লাহ এবং তাঁর রাসূল (সাঃ) কে কষ্ট দিচ্ছে। বীর যোদ্ধা মুহাম্মদ বিন মাসলামা (রাঃ) আরজ করলেন হে আল্লাহর রাসূল (রাঃ)! আপনি তাকে হত্যা করা পছন্দ করেন? রাসূল (সাঃ) বললেন অবশ্যই পছন্দ করি। মুহাম্মদ (রাঃ) বললেন আমাকে কৌশল অবলম্বন করার অনুমতি দিন। হুজুর (সাঃ) বললেন যা করার বা বলার প্রয়োজনে বলতে পারো । রাসূল (সাঃ) এর কথা শুনে মুহাম্মদ বিন মাসলামা আনন্দিত হলেন, তিনি কা'ব বিন আশরাফের বাড়ীতে গোপন বৈঠকে মিলিত হলেন। মুহাম্মদ (রাঃ) তাচ্ছিল্যের স্বরে বললেন এই যে এক বেটা (রাসূলুল্লাহ) মক্কা হতে উড়ে এসে জুড়ে বসেছে। আজ এ চাঁদা কাল ঐ চাঁদা আবার সদকা ফেতরার নামে যা করছে অবস্থাদৃষ্টে বুঝা যায়, আমাদের কে সত্ত্বর ফকির বানিয়ে ছাড়বে। তার চাঁদা পরিশোধ করার জন্য আমি তোমার কাছে কিছু ঋণ নিতে এসেছি, ধৃত কা'ব ঝুপ বুঝে কুপ দিল। সে মিটমিট হেসে বললো, ও হে মুহাম্মদ বিন মাসলামা ! খোদার কসম করে বলছি, তোমারা কি দেখেছো ? আরও বহুকিছু দেখবে। আজ তোমরা ফকির হয়েছো , সে দিন বেশি দুরে নয় যে দিন তোমরা মিসকিনে পরিণত হবে । মুহাম্মদ (রাঃ) বললেন, আমরা তাঁর অনুস্মরণ করেছি, আরও গুটি কয়েক দিন করবো। দেখি বেটা শেযতক করে কি ? আচ্ছা আপাতত

আমার সমস্যাটা দূর করো। আমাকে ৫ মন মাল দাও। কা'ব বললো ঋণ দিতে আমি প্রস্তুত আছি, তবে আমার কাছে তোমার প্রিয় বস্তু বন্দক রাখতে হবে। মুহাম্মদ এবং তাঁর অপর সাথী দুই জন সমস্বরে বললেন , বন্দক হিসাবে তুমি কি চাও? বদবখত খবিছুল বতন বললো, তোমাদের সুন্দরী মহিলাদের কে আমার কাছে বন্দক রেখো । বীর শ্রেষ্ঠ মুহাম্মদ (রাঃ) ক্ষোভ চাঁপা রেখে অভিনয়ের স্বরে বললেন, তুমি আরবের শ্রেষ্ঠ সুন্দরতম ব্যাক্তি, তুমিই বলো? কেমন করে আমাদের রমনীদের কে তোমার কাছে রাখি! ওরা যদি তোমার প্রেমে পড়ে আমাদের কাছে না আসে। কা'ব বললো , এ সম্ভব না হলে তোমাদের বাচ্চা আমার কাছে রেহান রেখো। এমন কি করে হতে পারে ? আরবের লোকেরা বাহারি ডঙ্কা বাজাবে আর বলবে, কত নিকৃষ্ট ওরা । ৫/১০ মন মালের জন্যে সন্তান বন্দক রাখে যারা। এ ভৎসনা আমাদের জন্যে কতইনা অপমান কর হবে।

শেযতক সিদ্ধান্ত হলো কা'ব ঋণ দিবে । বিনিময়ে তার কাছে প্রচুর অস্ত্র জমা রাখা হবে । লেনদেনের স্থান নির্দারণ হলো কা'বের বাড়ী। সময় নির্দারণ হলো শেযরাত । নির্দারিত সময় যত ঘনিয়ে আসছে মুহাম্মদ (রাঃ) এবং তার সাথীদের চিত্রানন্দ বেড়ে যাচ্ছে। আখেরী রাত মুহাম্মদ (রাঃ), আবু নায়েলা (রাঃ) এবং অপর আরেক জন সাথী অস্ত্রে সজ্জিত হয়ে কা'বের দরজায় কড়া নাড়লো । কা'বের সারা রাত ঘুম হয়নি । সে আনন্দে আত্মহারা, রাসূলুল্লাহ (সাঃ) এর সাথীরা বেঈমান হচ্ছে বলে। আচ্ছা সে যাই হোক। কা'ব তাদের কে কেল্লায় প্রবেশের অনুমতি প্রদান করে দ্রুত নীচে নেমে এলো । কা'বের বিবি চিৎকার দিয়ে বললো রাতের নিশিতে তুমি কোথায় যাচ্ছো? আমি তো

ওদের আওয়াজে খুনের গন্ধ পাচ্ছি। কা'ব শান্তনা স্বরূপ বললো , ভয়ের কারণ নেই ওরা তো আমার লোক, মুহাম্মদ বিন মাসলামা এবং আমার দুধ ভাই আবু নায়েলা । ভদ্রলোক কে রাতের গভীরে যুদ্ধের ময়দানে আহবান করলেও সাড়া দিতে হয় । কা'ব নীচে এসে বললো , মুহাম্মদ এসো! ভিতরে এসো ! কৌশলী মুহাম্মদ (রাঃ) পূর্ব হতেই নিজের সাথীদ্বয়কে তা'লিম দিয়ে ছিলেন । কিভাবে তাকে হত্যা করতে হবে ॥ কা'ব চাদর মুড়ি দিয়ে মুহাম্মদ (রাঃ) ও তাঁর সাথীদ্বয়ের অতি নিকটে এলো। এ সময় তার শরীর হতে খুশবু ছড়াচ্ছিল । মুহাম্মদ (রাঃ) কা'বকে বললেন, এমন খুশবু কোনদিন দেখিনি। কোথায় পেলে এ খুশবু? কা'ব বললো আরব সরদারের কন্যা আমার ঘরে । আপাদমস্তক তার আতরেই সুরভিত, চেহারা ছবিতে বিশ্ব সুন্দরী। সে সর্বদাই এ আতর ব্যবহার করে থাকে। আমি তার কাছ থেকে এনেছি। মুহাম্মদ (রাঃ) বললেন, তুমি অনুমতি দিলে তোমার মাথা থেকে একটু ঘ্রাণ গ্রহণ করে ধন্য হতাম । কা'ব বললো ঠিক আছে-ঠিক আছে, মুহাম্মদ (রাঃ) নিজে সেই ঘ্রাণ উপভোগ করলেন। সাথীদেরকে ঘ্রাণ লওয়ার সুযোগ দিলেন। আবার বললেন ওদের জন্যে অনুমতি আছে তো? কা'ব বললো, হ্যাঁ! অনুমতি আছে। এবার মুহাম্মদ (রাঃ) তার মাথা মজবুত করে ধরলেন এবং ইঙ্গিতে সাবার করার নির্দেশ দিলেন। এক সাথে ২/৩ টি তরবারী আঘাত হানলো । খোদার দুশমন টু শব্দ পর্যন্ত করার সুযোগ পেল না ।

এভাবে সাহাবায়ে কিরাম নিজেদের দুশমন কে খতম করতেন । মানুষ কল্পনা ও করতে পারতো না হত্যাকারী কারা । বড় বড় দুশমন গোপনে হত্যা করতেন । যার ফলে কোন ফেতনা বরপা হতো না কিন্তু

আজ আমরা এর বিপরীত করছি। দুশমনকে নিপাত করার চেষ্টা না করে বক্তৃতা-বিবৃতির উপর ইকতেফা করছি। যার ফলে দুশমন সক্রিয় হয়ে ষড়যন্ত্র করে মুসলিম ছদ্মবেশে আমাদেরকে হত্যা করছে। আমার বার বার একটি আয়াতের কথা মনে পড়ছে। আল্লাহ্ পাক বলেন

فَقَاتِلُوا أَئِمَّةَ الْكُفْرِ

অর্থঃ- "তোমরা কাফির সরদারগণকে হত্যা করো" দুশমন বাহিনীর শক্তির উৎস হলো এরা। মুসলমানগণ যদি উল্যেখিত এই ছোট একটি আয়াতের উপর ও আমল করতো, তাহলে আজ তাদের এ দূর্গতি হতো না। ক্ষমতা-নেতৃত্ব তাদের হাতেই থাকতো। আসুন! আমরা সকলে মিলে এ আয়াতের বাস্তবায়ন করি।

মরেও অমর

১৭ শত সালের কথা। ভারত বর্ষে চলছে ইংরেজদের দুঃশাসন। ধ্বংস করছে একের পর এক মুসলিম ঐতিহ্য। মাদ্রাসা মসজিদ গুলো পরিণত করেছে ঘোড়ার আস্তাবলে। মুসলিম দূর্গ সমূহে, শহরের কেন্দ্রীয় মসজিদ গুলোতে ফাঁসির কাষ্ট নির্মাণ করেছে। যেখানে প্রত্যহ আশিজন আলেমকে ঝুলানো হতো। প্রতিটি মুসলিম ঘর ওদের ক্লাব। ওদের পাশবিক নির্যাতনের উদ্যান। উপমহাদেশের কোন একটি গাছ বলতে পারবে না যে, আমার ডালে কোন মুসলিম ঝুলেনি।

স্বাধীনতার সূর্য যতবার অন্ধকার বিদীর্ণ করে পূর্বাকাশ আলোকময় করে, তাওহিদী জনতার মাঝে আসার সন্ধ্যার করেছে। ইংরেজ জালেম ও ওদের লেজ চাঁটা হিন্দু ও কতিপয় নামধারী মুসলমান স্বাধীনতার রবিকে অস্তমিত করার ব্যর্থ চেষ্টা করেছে। যারা আপন-আপন

দেহের শেষ রক্ত বিন্দু খরচ করে, জিহাদের ঝান্ডা উড্ডীন করে স্বাধীনতার সূর্যকে উর্ধগামী রেখে ছিলেন, তাদের অন্যতম হলেন শাহ্ ঈসমাইল শহীদ এবং তাঁর আধ্যাত্মিক, পীর সাইয়্যিদ আহমদ শহীদ (রঃ)। উভয়ে বালাকোটের রনাঙ্গণে শত শত লাল কুকুর কে জাহান্নামে প্রেরণ করে শাহাদাতের পিয়ালা পান করেন।

সাইয়্যিদ আহমদ শহীদের একজন শিষ্য ইংরেজ জালেমদের তোপের আঘাতে নির্মম ভাবে শাহাদাত বরণ করেন। নাম তাঁর বেদার মগ্জ। বেদার মগ্জের শাহাদাতে তাঁর মাতা-পিতা খুবই মর্মাহত হন। তাঁর মাতা-পিতার আহাজারীতে জালেম কাফিররা পর্যন্ত কেঁদেছিল। আমার মনে হয় আল্লাহর্ আরশে ও স্পন্দন সৃষ্টি হয়ে ছিল। যাহোক, তাদের দিনের সময়টুকু কোন মতে অতিবাহিত হলেও রাত খুবই কষ্টের হতো। এক রাত সাত রাত মনে হতো। নিথর নিঝুম রজনীতে বাঁধ ভাঙ্গা বন্যার পানির মত ওদের চক্ষু হতে অশ্রু প্লাবিত হতো। জায়নামাজে বসে রাতের পর রাত মাসের পর মাস কাঁদতে কাঁদতে পিতার চক্ষুদৃষ্টি লোপ পেল।

এবার সাক্ষাতের পালা। কোরআনের বানী মিথ্যে হতে পারে না। নিশিরাত চারদিকে নিস্তব্দ। অন্ধকারে ডুবে আছে সারা পৃথিবী। মৃদু বাতাস বইছে বাড়ীর চারদিকে। মাতা-পিতা অন্ধকার কুঠোরীতে বসে আল্লাহ্র কাছে আরাধনা করছেন,

হে আল্লাহ্! আমার ছেলের শাহাদাত কবুল করো। তাকে জান্নাতের স্বর্বোচ্চ মাকাম দান করো। এদেশ ইংরেজ মুক্ত করে? হঠাৎ দরজায় কড়া নাড়লো। একি, গভীর রজনীতে কে এলো? কাকে চায়? আমার ঘরে কেন? ভাবতে ভাবতে পিতা দরজা খুলে দিলেন, তামাম

অন্ধকার ভেঙ্গে নুরের প্রদীপ হাতে নিয়ে ঘরে প্রবেশ করলো বেদার মগজ। তার ডান পাশে সাইয়্যিদ আহমদ শহীদ এবং বামে ইসমাইল শহীদ (রঃ)। পিতা অবাক হলেন! একি স্বপ্ন নাকি বাস্তব! আচ্ছা আমি তো ঘুমাইনি, ঝিমাইওনি। তাহলে এটা কি হচ্ছে। পিতা কিংকর্তব্যবিমূঢ় হয়ে বেদার মগজের আম্মাকে ডাকলেন। আম্মা অশ্রুভেজা নয়ণে বললেন এতো বেদার মগজ। ও মরেনি। ঘরে ফিরে এসেছে। সাথে দু'জন মেহমানও রয়েছে। আপনি ওদের বসতে দিন। আমি আপ্যায়নের ব্যবস্থা করছি। তিন শহীদ পিতার জায়নামাজে বসলেন। শাহ আহমদ শহীদ (রঃ) বেদার মগজের পিতাকে শহীদের মর্যাদা বর্ণনা করে অনেক বুঝালেন, শান্তনা দিলেন।

অবশেষে পিতা বললেন, বেদার মগজের শাহাদাতে আমার কোন আপত্তি নেই। তবে আমি জানতে চাই কোথায় আঘাত লেগে আমার ছেলে শহীদ হলো, আমি সে স্থানটি দেখতে চাই। শাহ্ আহমদ শহীদের আদেশক্রমে বেদার মগজ তাঁর ক্ষত স্থানটি দেখালেন। বেদার মগজ মাথার পাগড়ী খুলে দিলেন। মাথা থেকে পাহাড়ী ঢলের মত খুন ঝড়তে লাগলো। জায়নামাজ রক্তে রঙ্গিন হয়ে গেল। পিতা এ অবস্থা দেখে চৈতন্য হারালেন। শহীদগণ স্থান ত্যাগ করলেন। প্রত্যুষে পিতার জ্ঞান ফিরলে, কালবিলম্ব না করে, ইয়াকুব নানুতবী (র ঃ) এর দরবারে হাজির হলেন, এবং রাতের অলৌকিক ঘটনা সম্পর্কে অবহিত করলেন। তাঁর সামনে রক্ত মাখা জায়নামাজ ও উপস্থিত করলেন। ইয়াকুব নানুতবী জায়নামাজ চুম্বন করতে করতে আল্লাহর শুকরিয়া জানালেন, এবং বেদার মগজের পিতাকে সান্তনা দিতে গিয়ে বললেন, আপনি ভেবে ছিলেন

বেদার মগজ মৃত্যু বরণ করেছে। আসলে ও জীবন ফিরে পেয়েছে। কেননা আল্লাহ্ পাক শহীদগণ কে মৃত বলতে নিষেধ করেছেন।

وَلَا تَقُولُوا لِمَنْ يُقْتَلُ فِي سَبِيلِ اللَّهِ أَمْوَاتٌ الخ

অর্থঃ যারা আল্লাহর রাস্তায় মৃত্যু বরণ করে তাদের মৃত বলো না বরং তারা জীবিত কিন্তু তোমরা জাননা।

একজন বালক মুজাহিদের শাহাদাত

পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে-

অর্থঃ "যারা আল্লাহর রাস্তায় নিহত হয় তাদের মৃত বলো না; বরং তাঁরা জীবিত, কিন্তু তোমরা তা বুঝনা।"

ইসলামের বিভিন্ন দিক আছে। যেমন- নামায, রোযা, হজ্জ ও যাকাত ইত্যাদি। এ সকল ইবাদত আদায় করতে হয়ত শারীরিক পরিশ্রম হয় কিংবা আর্থিক কষ্ট স্বীকার করতে হয়। কিন্তু আল্লাহর রাস্তায় জিহাদ এমন একটি বিধান, যেখানে জান মাল উভয়টাই ব্যয় করতে হয়।

মাথা ছাড়া যেমন দেহের অস্তিত্বের চিন্তা করা যায় না, ঠিক তেমনি জিহাদ বিনে ইসলামের প্রকৃত অস্তিত্বের কথা চিন্তা করা যায় না। এর প্রমাণ বর্ত্তমান বিশ্বের ইসলাম ও মুসলিম চিত্র। স্পেন, কানাডা, রাশিয়ার মুসলমানগণ জিহাদ ত্যাগ করার কারণে বিশ্বের মানচিত্র থেকে তারা ঝড়ে গেছে। আজ সেখানে শয়তানদের প্রভুত্ব চলছে। আর তার বিপরীতে আফগানিস্তান, চেচনিয়া, বসনিয়ার মুসলমানগণ জিহাদকে আকড়ে ধরার কারণে, বিশ্বের মানচিত্রে স্বগৌরবে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে।

জিহাদের কাফেলা

আফগানিস্তান সম্পর্কে বলতে হয় যে, সে আজ তামাম কুফুরী শক্তির জন্য হুমকি স্বরূপ। তাঁদের এ গৌরবোজ্জ্বল বর্তমান পরিস্থিতি এমনিতেই অর্জিত হয়নি, আফগানীদের এ বিজয় অর্জন করতে বহু ত্যাগ স্বীকার করতে হয়েছে। ষোল লক্ষ্য শহীদের রক্তে রঞ্জিত করতে হয়েছে আফগানী রাজপথ।

শাহাদাতের আকাঙ্খায় বিশ্বের প্রতিটি মুসলিম দেশ থেকে আফগান জিহাদে অংশগ্রহণ করেছেন অসংখ্য মর্দে মুজাহিদ। সেই জানবাজ মুজাহিদদের একজন হচ্ছে, শহীদ আব্দুল্লাহ; তাকে নিয়েই আজকের এ লেখা।

১৯৭৯ সালে রাতের অন্ধকারে বিশ্বের তৎকালীন পরাশক্তি রাশিয়ার সাড়ে তিন লক্ষ্য সেনা নামের হায়েনারা আফগান নিরীহ ও নিরস্ত্র জনগণের উপর ঝাঁপিয়ে পড়ে। অপরাজেয় আফগানরা ও ঝাঁপিয়ে পড়ে আত্নরক্ষা ও স্বাধীনতার লড়াইয়ে।

পাকিস্তানের অধিবাসী একটি ফুটফুটে কিশোরের নাম আব্দুল্লাহ। বয়স তাঁর মাত্র চৌদ্দ বছর। শাহাদাতের আকাঙ্খায় আফগান জিহাদে শরীক হওয়ার ইচ্ছা করলো। আব্বার কাছে অনুমতি চাইলো। আব্বা রেগে তেলে বেগুনে জ্বলে উঠলেন।"ছোট বাচ্চাদের কিসের জিহাদ? লক্ষ-কোটি মুসলিম যুবক বসে আছে, জিহাদ ফরয হলে, আগে ওদের উপর ফরয হবে।" আব্বার কাছে ব্যর্থ মনোরথ হয়ে আম্মার কছে সে তাঁর আরজি পেশ করে বলল, আম্মু! আফগানিস্তানে আমার আরও লক্ষ লক্ষ মা, বোন আছে, যারা রুশ হায়েনা কর্তৃক নির্যাতিতা, নিস্পেষিতা, নিগৃহীতা, আমি তাদের সাহায্যে জিহাদে যেতে চাই। মা বললেন, বাবা! তোমার এখনও জিহাদের সময় হয়নি। তুমি জিহাদে গিয়ে শহীদ হলে, তোমার আব্বার এই বিশাল অট্টালিকায় কে বাস করবে? " কিন্তু মায়ের এ কথায় সে সন্তুষ্ট হতে পারল না।

শুক্রবার রিমঝিম বৃষ্টি হচ্ছে। বালক আব্দুল্লাহ সকলের চোখে ফাঁকি দিয়ে আফগানের উদ্দেশ্যে যাত্রা করলো। একাধারে একদিন একরাত চলার পর সে এক মুজাহিদ ক্যাম্পে পৌঁছলো। ক্যাম্পের পাহারাদারগণ তাকে

কমান্ডার সাহেবের কাছে নিয়ে গেলেন। কামান্ডার সাহেব তাকে বুঝিয়ে পুনরায় পাকিস্তানে পাঠিয়ে দিলেন।

বাড়ী ফেরার কয়েকদিন পরের কথা। শক্রবার ইমাম সাহেবের মুখ হতে وَلَا تَحْسَبَنَّ الَّذِيْنَ قُتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ الخ আয়াতের ব্যাখ্যা শুনলো। ইমাম সাহেব বললেন- আল্লাহ্ পাক অত্র আয়াতে শহীদদের চারটি বৈশিষ্ট্য উল্যেখ করেছেন। যথা ঃ (১) আল্লাহ্ পাক বলেছেন, শহীদগণকে মৃত বলো না, মৃত বলা তো দূরের কথা 'মারা গেছে' এ ধরণের ধারণাও করবে না। আসলে তারা জীবিত । (২) শহীদ ব্যক্তির শাহাদাত লাভের সাথে সাথে আল্লাহ্ তাদের জন্য খাদ্য ও বস্ত্রের ব্যবস্থা করেন।

উপরোক্ত কথাটির স্বপক্ষে হাদীস আছে, আবু দাউদ (রাহঃ) বিশুদ্ধ সনদের মাধ্যমে ইবনে আব্বাস থেকে বর্ণনা করেন। রাসুলুল্লাহ (সাঃ) ইরশাদ করেছেন, উহুদের যুদ্ধে যারা শহীদ হয়েছেন, আল্লাহ্ পাক তাদের আত্মাগুলোকে সবুজ পাখির পালকের ভিতরে স্থাপন করে মুক্ত করে দেন। তাঁরা জান্নাতের উদ্যানসমূহ থেকে নিজেদের রিযিক আহরণ করেন।

রাসূলুল্লাহ (সাঃ) আরো ইরশাদ করেন, "মুজাহিদগণ যে বস্ত্র পরিহিত অবস্থায় শাহাদাত বরণ করেন, তাদেরকে সেই বস্ত্র পরিহিত অবস্থায় আল্লাহর সামনে হাজির করা হবে। (৩) আল্লাহ্ তাদেরকে যে নেয়ামত দান করবেন তার মধ্যে তাঁরা সদা সর্বদা আনন্দমূখর থাকবেন। (৪) শহীদগণ যখন নিজেদের শান্তিময় জীবন প্রত্যক্ষ করবেন তখন বলবেন হায় আমাদের আত্মীয় স্বজন যারা আমাদের মৃত্যুতে শোকার্ত আমাদের এ শান্তি জীবন সম্পর্কে তাদেরকে কেউ যদি জানিয়ে দিত তবে তারা আমাদের জন্য দুঃখ করতেন না; বরং তারাও জিহাদে অংশগ্রহণ করে শাহাদাত বরণ করতেন। শহীদদের এই আকাঙ্খাও আল্লাহ্ পাক পূর্ণ করেন, তাদের সম্পর্কে সকলকে জানানোর মাধ্যমে। যেমন- কুরআনে কারীমে ইরশাদ হচ্ছে ঃ আর যারা এখনো আল্লাহ্র

কাছে এসে পৌঁছেনি তাদের পেছনে তাদের জন্য আনন্দ প্রকাশ করে কারণ, তাদের কোন ভয়-ভীতি নেই এবং কোন চিন্তা-ভাবনা নেই। (সূরাহ ঃ আলে ইমরান)।

কিশোর আব্দুল্লাহ এই নসীহত শোনার পর জিহাদে যাওয়ার জন্য পুণরায় একেবারে ব্যতিব্যস্ত হয়ে পড়লো। তাঁর আব্বা অবস্থা বেগতিক দেখে আব্দুল্লাহর পায়ে শিকল লাগিয়ে বদ্ধঘরে খুটির সাথে বেঁধে রাখলো। আব্দুল্লাহ কেঁদে কেঁদে আল্লাহর কাছে মুনাজাত করলো, হে আল্লাহ! আমি মুসলমানের কাছে বন্দী আমি নিজ ঘরে বন্দী, আমাকে মুক্ত করো। আমি শাহাদাত বরণ করে তোমার কাছে হাজির হতে চাই। বন্দী অবস্থায় কয়েকদিন থাকার পর আব্দুল্লাহ অভিনব কৌশল অবলম্বন করলো। সে তাঁর আম্মাকে জানালো যতদিন তাকে বন্দী অবস্থায় রাখা হবে সে অনাহারে থাকবে। যেমন কথা তেমন কাজ, আব্দুল্লাহর অনশন দু'দিন চলল। তাঁর আম্মার ভালবাসার সাগরে ঢেউ খেলে গেল। গভীর রাত, মা ছেলের পাশে বসে কাঁদছেন, মা বললেন, "বাবা! তোমাকে মুক্ত করে দিচ্ছি, তবুও তুমি আহার কর।" মা খুটির বাঁধন খুলে দিলেন, এখনো পায়ে শিকল লাগানো আছে, সে এক লাফে দরজা খুলে চম্পট দিল। পাকিস্তান সীমান্ত অতিক্রম করে সেই পূর্বের ক্যাম্পে পৌঁছলো। তখন ক্যাম্পে পাহারাদারগণ ব্যতীত অন্য কেউ ছিল না। আব্দুল্লাহ জিজ্ঞাসা করলো, কমান্ডার সাহেব কোথায়? পাহারাদার জানালেন গজনীতে এ্যাম্বুসে গেছেন। রুশদের একটি শক্তিশালী সেনা ছাউনীর উপর আক্রমণ করবেন। আব্দুল্লাহ শাহাদাতের তামান্নায় জিহাদের গান গাইতে গাইতে (চলো মুজাহিদ চলো চলো জিহাদের ময়দানে চলো,শহীদের ঈদগাহে চলো) একাকী রণাঙ্গণের দিকে চললো। রণাঙ্গনে পৌঁছার পূর্বেই রুশ ভল্লুকের এক ঝাঁক মর্টার তোপ আব্দুল্লাহর বুককে ঝাঁঝরা করে দিল। আব্দুল্লাহর বাসনা পূর্ণ হল, মুজাহিদগণ রুশদের দূর্গ জয় করলেন। কিন্তু তাঁর দাফনের কোন ব্যবস্থা হলো না। কারণ

তাঁর শাহাদাতের খবর মুজাহিদদের জানা ছিল না। আর তাঁর মা-বাবা ভাবছেন তাদের ছেলে কোন মুজাহিদ ক্যাম্পে আছে।

এদিকে এভাবে একমাস চলে গেল, একমাস পর তাঁর আম্মা স্বপ্নে দেখলেন যে আব্দুল্লাহ বলছে আম্মা! আমি শহীদ হয়ে গেছি। আপনারা কি আমাকে দাফন করবেন না? মা, এই ভয়াবহ স্বপ্ন দেখে হাউ-মাউ করে কেঁদে ঘুম থেকে জেগে উঠলেন। এমনিভাবে পর পর তিনদিন স্বপ্ন দেখার পর, স্ত্রীর অনুরোধে গৃহস্বামী ছেলের খোঁজে আফগানিস্তান গেলেন। মুজাহিদ ক্যাম্পে খোঁজ নিলেন; কিন্তু তাঁর কোন হদীছ পেলেন না, একজন পাহারাদার বললো, "এক মাস আগে একটি বালক এসেছিল। তারপর কোনদিক গেছে সে কথা আর বলতে পারব না।"

শত্রু কবলিত এলাকা, পিতা কোথায় খুঁজবেন? ছেলের বিরহে শিশুর ন্যায় ডুকরে ডুকরে কাঁদতে লাগলেন। লোকটির করুণ আর্তনাদের প্রেক্ষিতে মুজাহিদগণ কয়েকটি দলে বিভক্ত হয়ে বালকটির সন্ধানে বেরিয়ে পড়লেন॥ অনেক খোঁজাখুজির পর এক পাহাড়ের পাদদেশে তাঁর লাশ অক্ষত অবস্থায় পেলেন। এখনও তাঁর পায়ে শিকল, দেহ থেকে রক্ত ঝরছে, মনে হল এই মাত্র যেন সে শাহাদাত বরণ করেছে। মুজাহিদগণ তাকে শিকলসহ কবর দেয়ার ব্যবস্থা করলেন। কারণ, হাদীছে আছে শাহাদাতের সময় শহীদের গায়ে যে সকল জিনিস থাকবে, সেগুলো সহ তাকে দাফন করতে হবে, কিন্তু বালকটির বাবা বারবার অনুরোধ করতে লাগলেন, তাকে যেন শিকল খুলে দাফন করা হয়। তিনি বললেন,"দেখুন, আমি পিতৃস্নেহের বশবর্তী হয়ে তাকে জিহাদে যাওয়া থেকে বাঁধা দানের উদ্দেশ্যে শিকল দিয়ে বেঁধে রেখে ছিলাম। কিন্তু আল্লাহর মর্জি যে, তিনি আমার এই একমাত্র সন্তানকে কবুল করেছেন। সে শহীদ হয়েছে, এতে আমার কোন আফসোস নেই। তবে আমি তাকে শিকল দিয়ে বেঁধে রেখেছিলাম, এর জন্য অনুতপ্ত। আজ যদি তাকে শিকল পরিহিত অবস্থায় দাফন করা হয়, তাহলে সে কিয়ামত দিবসে আল্লাহর দরবারে এই

শিকল পরিহিত অবস্থায় আমার বিরুদ্ধে অভিযোগ করবে, তখন আমি কি জবাব দিবো?

পিতার এহেন কান্নাকাটি ও অনুনয় বিনয়ের প্রেক্ষিতে মুজাহিদগণ শহীদ বালকের পা থেকে শিকল খুলে দেন এবং আফগান রণাঙ্গনেই এই জানবাজ বালক মুজাহিদকে দাফন করেন। সাহাবীগণের মধ্যে জিহাদের প্রেরণা ছিল বলে তাদের আবাল-বৃদ্ধ বণিতা সকলেই সর্বদা জিহাদের জন্য প্রস্তুত থাকতেন। অপর দিকে আজ মুসলমানদের মধ্য থেকে জিহাদী প্রেরণা বিলীন হয়ে গেছে বলে তাদের তরুণ ও জোয়ানরা পর্যন্ত জিহাদকে ভুলে বসেছে। এমনকি জিহাদকে সন্ত্রাস আখ্যা দিচ্ছে, কিন্তু অমোঘ সত্য হলো যে, বর্তমান বিশ্বের দিকে দিকে মুসলমানগণ নির্যাতিত, নিস্পেষিত ও নিগৃহীত হওয়ার একমাত্র কারণ হচ্ছে, আমরা জিহাদ ছেড়ে দিয়েছি। এই দিকে ইঙ্গিত করে প্রিয়নবী (সাঃ) ইরশাদ করেন "যখন তোমরা জিহাদ ছেড়ে দিবে তখন লাঞ্ছনা-গঞ্জনা ও বেইজ্জতী তোমাদের উপর চাপিয়ে দেয়া হবে। যতক্ষণ না তোমরা দ্বীনের দিকে অর্থাৎ জিহাদের দিকে ফিরে আসবে।"

সুতরাং দ্বীনের অন্য সকল খিদমত আনজাম দানের সাথে সাথে এ বিষয়টি গুরুত্বের সাথে আনজাম দেয়া জাতির জিম্মাদারদের বিশেষ দায়িত্ব। যেন কাফের-বেদ্বীনের মোকাবালায় সশস্ত্র জিহাদের জজবা প্রত্যেক মুমিন নিজের দিলের মধ্যে বদ্ধমূল করে নেন এবং সম্ভাব্য প্রস্তুতি গ্রহণে তৎপর হন॥ কারণ এতটুকু জজবা দিলের মধ্যে না থাকলে নিফাকের একটা অংশের উপর মৃত্যু হওয়া সহীহ হাদীস দ্বারা প্রমাণিত। জিহাদের ব্যাপকতার মধ্যে অন্যান্য আমল শামিল থাকার এ অর্থ নয়, যে তার দ্বারা সশস্ত্র জিহাদের ফরজ দায়িত্ব আদায় হয়ে যাবে। সূরাহ আনফাল ও সূরাহ তাওবার অর্থ বুঝে তিলাওয়াত করলে এ কথা দ্বিপ্রহরের ন্যায় স্পষ্ট হয়ে যাবে।